

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ শাখা।

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২২-২৩ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে
২য় কোয়ার্টারের 'নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: মশিউর রহমান এনডিসি
সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
সভার তারিখ ও সময় : ১২/১০/২০২২ দুপুর ০২.৩০ ঘটিকা।
সভার স্থান : সভাকক্ষ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ/জুম প্ল্যাটফর্ম।
উক্ত সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা 'পরিশিষ্ট-ক'।

সভার আলোচনা:


সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে সভাপতি, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সকল অনুবিভাগের কার্যক্রমে শুদ্ধাচার নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করেন। তিনি জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশলের মূল লক্ষ্য হলো, শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা, সোনার বাংলা গড়ার প্রত্যয়ে প্রণীত কৌশলে শুদ্ধাচার চর্চাকে নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরন, উৎকর্ষ সাধন করা।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের এনআইএস-টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। তিনি জানান সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে গতিশীলতা আনয়নের জন্য ৩য় ও ৪র্থ শ্রেণীর শূণ্যপদের বিপরীতে ২৪ জন কর্মচারীদেরকে নিয়োগ প্রদান করা হয়েছে। গত সভার সিদ্ধান্তসমূহের মধ্যে প্রশিক্ষণ ক্যালেন্ডার, পিএসসি সভার ক্যালেন্ডার প্রস্তুত করা হয়েছে এবং অন্যান্য সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে। আলোচ্যসূচির বিষয়সমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করা হয় এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ |
|---------|--|---|
| ০১. | দাপ্তরিক ডাকসমূহ এবং নোট উপস্থাপনের ক্ষেত্রে ডাক প্রাপ্তির তারিখ ও নথিতে উপস্থাপনের তারিখ উল্লেখ করার বিষয়ে এ বিভাগের প্রশাসন শাখা হতে অফিস আদেশ জারি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপসচিব (প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| ০২. | নতুন নিয়োগ প্রাপ্ত কর্মচারীদের ব্যক্তিগত জীবনে ও কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চা করার জন্য শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| ০৩. | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে আয়োজিত সভায় বিভিন্ন পর্যায়ের অংশীজনের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | এনআইএস টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| ০৪. | প্রকল্প সমূহের কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ ও গতিশীলতা আনয়নের জন্য চলমান প্রকল্প সমূহের ডিপিপি অনুযায়ী PSC ও PIC সভা করে সভার নোটিশ, হাজিরা শিট ও কার্যবিবরণী | অতিঃ সচিব (পরিঃ ও উন্নঃ), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |

| | | |
|-----|---|--|
| | এপিএ শাখায় দাখিল করতে হবে। | |
| ০৫. | ডিজিটাল হাজিরা মনিটরিং এর মাধ্যমে কর্মস্থলে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য এ বিভাগের অনুবিভাগ প্রধান কর্তৃক ডিজিটাল হাজিরা প্রতি মাসে মনিটরিং করতে হবে। বিলম্বে উপস্থিতি এবং নির্ধারিত সময়ের পূর্বে অফিস ত্যাগকারী কর্মকর্তা ও কর্মচারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট/পরিকল্পনা ও উন্নয়ন/আইন ও প্রতিষ্ঠান) মনিটরিং এর দায়িত্ব পালন করবেন এবং নৈতিকতা কমিটির সভাপতি বরাবর প্রতিবেদন প্রেরণ করবেন। সিস্টেম এনালিস্ট/সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি ইউনিট ডিজিটাল হাজিরার প্রতিবেদন কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন। |
| ০৬. | ষ্টেশনারী মালামাল ক্রয় ও বিতরণে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের ক্ষেত্রে কর্মপরিকল্পনায় বর্ণিত কার্যক্রমসমূহ বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। | উপসচিব (প্রশাসন) ও সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা |
| ০৭. | বিআরডিবি কর্তৃক গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলায় ক্ষুদ্র ঋণ বিতরণ কার্যক্রমের স্বচ্ছতা আনয়নের ক্ষেত্রে কর্মপরিকল্পনায় বর্ণিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপসচিব, প্রতিষ্ঠান শাখা-২, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |

০২। পরিশেষে, আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 (মো: মশিউর রহমান এনডিসি)
 সচিব
 পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২০২২-২৩ অর্থ বছরের ২য় কোয়ার্টার এর অগ্রগতি প্রতিবেদন বিষয়ে নৈতিকতা কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

সভার তারিখ, সময় ও স্থান: ১২/১০/২০২২, বুধবার, দুপুর ০২.৩০ ঘটিকা, সম্মেলন কক্ষে (কক্ষ নং-৬৩৩, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয় ঢাকা।

| ক্র: নং | নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/সংস্থার নাম | টেলিফোন ও ই-মেইল নং | স্বাক্ষর |
|---------|---|---|---------------------|----------|
| ০১. | চন্দন কুমার দে অতিরিক্ত সচিব | RDCD | ০১৭১২৬৫১১ | |
| ০২. | ড. উজ্জ্বল কুমার সিদ্দিকী অতিরিক্ত সচিব | অতিরিক্ত সচিব | | |
| ০৩. | ড. কুমার কুমার অতিরিক্ত সচিব | RDCD | | |
| ০৪. | ড. মোস্তাফিজ হোসেন অতিরিক্ত সচিব | RDCD | | |
| ০৫. | কাজী মোস্তাফিজ মো: মোস্তাফিজ বিহারী | RDCD | ০১৭১৬০০৮৪৪১ | |
| ০৬. | অফিস সহকারী স্বাক্ষর | RDCD | ০১৭১৫-০২৪২২১ | |
| ০৭. | ড. মো: মোস্তাফিজ হোসেন | অতিরিক্ত সচিব | ০১৭১২৬০৬৩৪৮ | |
| ০৮. | মো: মোস্তাফিজ হোসেন অতিরিক্ত সচিব | RDCD | ০১৬৭৬৭০৩৬ | |
| ০৯. | মো: মোস্তাফিজ হোসেন অতিরিক্ত সচিব | RDCD | ০১৭১২১৪৬৭৫৪ | |
| ১০. | মো: মোস্তাফিজ হোসেন অতিরিক্ত সচিব | RDCD | ০১৫৫২-৫৭৩৭৩৪ | |
| ১১. | মো: মোস্তাফিজ হোসেন অতিরিক্ত সচিব | অতিরিক্ত সচিব | | |
| ১২. | মো: মোস্তাফিজ হোসেন DS, RDCD | RDCD | ০১৭১২৭৬৪৩৭৭ | |
| ১৩. | অফিস সহকারী DS, RDCD | RDCD | | |
| ১৪. | মো: মোস্তাফিজ হোসেন অতিরিক্ত সচিব | RDCD | ০১৭২৪২২৪০৭৪ | |
| ১৫. | অফিস সহকারী স্বাক্ষর | RDCD | ০১৭২৫-৫৬৩৭৬০ | |



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ সেল
www.rdc.gov.bd



কুর দর্শনবজাব"
সমবায়ের উন্নয়ন"

স্মারক নং : ৪৭.০০.০০০০.০৪৬.১৬.০২৯.২২.১১৮


তারিখ :

১০ অক্টোবর, ২০২২ খ্রিস্টাব্দ।

সভার নোটিশ

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০২২-২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশলের ২য় কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভা ১২/১০/২০২২ খ্রি: তারিখে রোজ বুধবার বিকাল ২.৩০ ঘটিকায় এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগের সম্মেলন কক্ষে (কক্ষ নং-৬৩৩, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় অত্র বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার প্রধান, এনআইএস টিমের ফোকাল-পয়েন্ট কর্মকর্তাগণ এবং নৈতিকতা কমিটির সদস্যগণকে (Zoom Cloud Meeting) জুম সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো (Meeting ID: 441 352 3066, Password: 112233)। এ বিভাগের কর্মকর্তাগণকে সভাকক্ষে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


(নাহরিন সুলতানা)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৫৫৭০

e-mail: apa.rdc@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ০১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট/পরিকল্পনা ও উন্নয়ন/ আইন ও প্রতিষ্ঠান), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ০২। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা।
- ০৪। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, পল্লী ভবন, ৫ কাওরান বাজার, বিআরডিবি, ঢাকা।
- ০৫। মহাপরিচালক, আরডিএ, বগুড়া/বাপার্ড, গোপালগঞ্জ/বার্ড, কুমিল্লা।
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি:, তেজগাঁও, ঢাকা।
- ০৭। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, বাড়ি নং-৫, এ্যাভিনিউ-৩, রুপনগর, মিরপুর-২, ঢাকা।
- ০৮। যুগ্ম-সচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ০৯। উপ-সচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ১০। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (পাওয়ার পয়েন্ট প্রজেক্টেশন প্রদর্শনের ব্যবস্থাসহ এবং নোটিশটি এসএমএস-এর মাধ্যমে সকল কর্মকর্তাকে অবগত করার অনুরোধসহ)।
- ১১। প্রোগ্রামার আইসিটি সেল, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ১৩। সহকারী প্রোগ্রামার আইসিটি সেল, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দপ্তর/সংস্থার প্রধান ও সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে zoom Apps এর মাধ্যমে সভায় সংযুক্ত থাকার অনুরোধসহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)-

- ০১। উপসচিব (প্রশাসন শাখা-১) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।